জেলার মোট ৭৫ হাজার ৬১৫ শিশুকে খাওয়ানো হবে জাতীয় ভিটামিন ‘এ’

মেহেরপুর জেলার তিন উপজেলা ও মেহেরপুর পৌরসভার টিকাদান কেন্দ্রের মাধ্যমে জেলার ৬ মাস থেকে ৫৯ মাস বয়সী মোট ৭৫ হাজার ৬১৫ শিশুকে দেওয়া হবে জাতীয় ভিটামিন এ।

জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন-২০২৬ সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে সাংবাদিকদের নিয়ে অবহিতকরণ সভা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আগামী রবিবার (২৮ জুন) মেহেরপুরের তিন উপজেলার মোট ৪৭৪টি কেন্দ্রের মাধ্যমে ৬ থেকে ৫৯ মাস বয়সী শিশুদের ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো হবে।

এর মধ্যে ৬ থেকে ১১ মাস বয়সী ৯ হাজার ৬১৬ জন শিশুকে নীল রঙের এবং ১২ থেকে ৫৯ মাস বয়সী ৬৫ হাজার ৯৯৯ জন শিশুকে লাল রঙের উচ্চ ক্ষমতাসম্পন্ন ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

বুধবার ১২ টায় মেহেরপুর সিভিল সার্জনের সম্মেলন কক্ষে জাতীয় ভিটামিন এ ক্যাম্পেইন উপলক্ষে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভায় এ তথ্য জানান সিভিল সার্জন ডা. একেএম সাইদ হোসেন।

সিভিল সার্জন ডা. এ কে এম আবু সাঈদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিবার পরিকল্পনার উপ-পরিচালক আব্দুস সাত্তার এবং পুলিশ পরিদর্শক শাহাদাত হোসেন।

মতবিনিময় সভায় মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে মূল বক্তব্য উপস্থাপন করেন মেডিকেল অফিসার ডাঃ কামরুন নাহার। তিনি জানান, মেহেরপুর জেলায় ৩ হাসপাতাল ও ৪৭৮টি কেন্দ্রের মাধ্যমে ৭৫ হাজার ৬১৫ জন শিশুকে জাতীয় ভিটামিন এ খাওয়ানো হবে।

এর মধ্যে ৬ মাস থেকে ১১ মাস বছর বয়সী শিশু রয়েছে ৯ হাজার ৬১৬ জন